গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাহুবল, হবিগঞ্জ।

স্মারক নং ঃ ০৫.৪৬.৩৬০৫.০০২.০১.০৩২.১৮- ৬৭ তারিখঃ ২৮.০২.২০১৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম পুলিশ(মহল্লাদার) এর শূণ্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন,প্রশিক্ষণ,শৃংখলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা,২০১৫ এর ৩(১) অনুযায়ী গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ-করা হবে ।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের নাম | শূণ্য পদ সংখ্যা | বেতন | প্রয়োজনীয় যোগ্যতা | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ১নং স্নানঘাট | ১,২,৫ | মহল্লাদার | ০৩ জন | ইউপি অংশ=৩২৫০/-<br>সরকারী অংশ=৩২৫০/-<br>সর্বমোট=৬৫০০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টমশ্রেণী উত্তীর্ণ অথবা স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সরাসরি নিয়োগের মাধ্যমে। |
| ০২ | ৫নং লামাতাসী | ১,৫ | ঐ | ২জন | ঐ | ঐ | ঐ |
| ০৩ | ৬নং মিরপুর | ১,৮ | ঐ | ২জন | ঐ | ঐ | ঐ |
| ০৪ | ৭নং ভাদেশ্বর | ২,৩,৭,৮ | ঐ | ৪জন | ঐ | ঐ | ঐ |

| আবেদনপত্র সংগ্রহের স্থান | আবেদনপত্র জমা দেয়ার স্থান |
|---|---|
| উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,বাহুবল,হবিগঞ্জ হতে সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত আগামী ২৮.০৩.২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত চাকুরির আবেদন ফরম সংগ্রহ করা যাবে। | আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ এর বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ২৮.০৩.২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) পৌছতে হবে। ধার্য তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলিয়া গণ্য হবে। |

নিয়োগের শর্তাবলী :

০১। মহল্লাদার প্রার্থীকে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতাঃ

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি।(খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)। সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

মহিলা প্রার্থীর ক্ষেত্রে-

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট।(খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি( সম্প্রসারণ)। সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

০২। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযোজন করতে হবেঃ

(ক) প্রার্থীর সদ্যতোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
(খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (যদি থাকে)।
(ঘ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি (ছবি ও দাখিলকৃত অনুলিপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সীল ব্যবহার করতে হবে)।

০৩। আবেদনের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার,বাহুবল,হবিগঞ্জ এর অনুকূলে আবেদনকারীকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে ।

০৪। মহল্লাদার পদে প্রার্থীর বয়স ২৮.০৩.২০১৯ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে । তবে মুক্তিযোদ্ধা সন্তান,পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ বছর শিথিলযোগ্য । প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয় ।

০৫।প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ,জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের বয়স একই হতে হবে । এ বিষয়ে কোন তথ্য গোপন করলে এবং তা প্রমাণিত হলে আবেদনপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে ।

০৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

০৭। আবেদনপত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহনযোগ্য নয় ।

০৮। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর মোটা অক্ষরে পদের নাম/কোটা অবশ্যই লিখতে হবে ।

০৯। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইনচার্জ,বাহুবল মডেল থানা,হবিগঞ্জ হতে চারিত্রিক সদাচরণ সনদপত্র গ্রহন করতে হবে ।

১০ । প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টি,এ/ডি.এ দেয়া হবে না ।

১১। আবেদনপত্র গ্রহন ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে । এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না

১২। কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে ।

১৩। পরবর্তীতে প্রার্থীদের স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।

২৮/০২/১৯
( মোঃ জসীম উদ্দিন )
উপজেলা নির্বাহী অফিসার
বাহুবল,হবিগঞ্জ ।

স্মারক নং ঃ ০৫.৪৬.৩৬০৫.০০২.০১.০৩২.১৮- ৬৭(১৫০)

তারিখঃ ২৮.০২.২০১৯

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।</u>

০১। জেলা প্রশাসক,হবিগঞ্জ ।

০২। উপপরিচালক,স্থানীয় সরকার,জেলা প্রশাসকের কার্যালয়,হবিগঞ্জ ।

০৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বাহুবল,হবিগঞ্জ ।

০৪। উপজেলা নির্বাহী অফিসার--------------------------------------------(সকল),হবিগঞ্জ ।

০৫। উপজেলা-------------------------------------------- অফিসার(সকল),বাহুবল,হবিগঞ্জ ।

০৬। অফিসার ইনচার্জ ,বাহুবল মডেল থানা ,বাহুবল,হবিগঞ্জ ।

০৭। সহকারী প্রোগ্রামার,জেলা প্রশাসকের কার্যালয় । তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো ।

০৮। চেয়ারম্যান-----------------------ইউনিয়ন পরিষদ (সকল),বাহুবল,হবিগঞ্জ । তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়ন পরিষদের নোটিশবোর্ডে,ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে,ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট বাজারে লটকানোসহ ব্যপক প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো ।

০৯। সচিব-------------------------------ইউনিয়ন পরিষদ (সকল ),বাহুবল,হবিগঞ্জ ।

১০ । জনাব-------------------------------------------------------------------------------------------বাহুবল,হবিগঞ্জ ।

১১। নোটিশ বোর্ড ।

২৮/০২/১৯
( মোঃ জসীম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
বাহুবল,হবিগঞ্জ ।